গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় কর্তৃক প্রণীত
জাতীয় শিশুশ্রম নিরসন নীতি ২০১০ এর উল্লেখযোগ্য অংশঃ

- ১৪ বছর বয়সের আগে কোন শিশুকে কোন ধরনের শ্রমে নিয়োজিত করা যাবে না।
- শিশুশ্রম নিরসনে আইন সংস্কার বা প্রণয়ন এবং তার সুষ্ঠু প্রয়োগ নিশ্চিত করতে হবে।
- শ্রমে নিয়োজিত শিশুদের জন্য শিক্ষার সুযোগ সৃষ্টি করতে হবে।
- শ্রমে নিয়োজিত শিশুর নির্দিষ্ট কর্মঘন্টা, কাজের তালিকা, মজুরী নির্ধারিত থাকতে হবে এবং সাপ্তাহিক ছুটি, বিশ্রাম ও বিনোদনের সুযোগ দিতে হবে।
- কর্মকালীন সময়ে কোন শিশু দূর্ঘটনায় পতিত হলে বা অসুস্থ হলে নিয়োগকর্তা নিজ খরচে শিশুর চিকিৎসার ব্যবস্থা করবেন।
- শ্রমে নিয়োজিত শিশুর ভবিষ্যৎ নিরাপত্তার জন্য নিয়োগকর্তাকে বীমা/সঞ্চয়ের উদ্যোগ নিতে হবে।
- শ্রমে নিয়োজিত শিশুকে কর্মক্ষেত্রে কোনরূপ শারীরিক, মানসিক এবং যৌন নির্যাতন করা যাবে না।
- শ্রমে নিয়োজিত শিশুদের শ্রম থেকে প্রত্যাহারের লক্ষ্যে তাদের পিতামাতার জন্য আয়বৃদ্ধিমূলক কাজের ব্যবস্থা করতে হবে।
- পর্যায়ক্রমে ঝুঁকিপূর্ণ ও নিকৃষ্ট ধরনের শ্রমসহ সকল ধরনের শ্রম থেকে শিশুদের প্রত্যাহার করতে হবে।

প্রচারেঃ

অ্যাকশন ফর সোশ্যাল ডেভেলপমেন্ট (এএসডি)

সহযোগিতায়ঃ

Brot für die Welt